

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (বিএলআরআই) গত ১৮-২০ ফেব্রুয়ারি ২০১৬ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত ৩ দিন ব্যাপি আন্তর্জাতিক ডেইরি, অ্যাকুয়া ও পেট বিষয়ক প্রদর্শনী মেলা ও সেমিনারে অংশগ্রহণ করে।



চিত্রঃ মাননীয় প্রতিমন্ত্রী জনাব নারায়ণ চন্দ্র চন্দ, এমপি বিএলআরআই —এর স্টল পরিদর্শন

উক্ত মেলায় বিএলআরআই —এর স্টলে ইনস্টিটিউট কর্তৃক উদ্ভাবিত বিভিন্ন প্রযুক্তি ও প্রযুক্তির উপরে নির্মিত ভিডিও প্রদর্শিত হয় এবং পুস্তিকা, ফোল্ডার, লিফলেট ও বিভিন্ন ধরনের প্রকাশনা বিতরণ করা হয়।



চিত্রঃ মহাপরিচালক, বিএলআরআই —এর স্টল পরিদর্শন

বিএলআরআই এর বিভিন্ন স্তরের বিজ্ঞানী ও কর্মচারীবৃন্দ সার্বক্ষণিক স্টলে উপস্থিত থেকে আগ্রহী খামারী, উদ্যোক্তা, শিক্ষাবিদ, গবেষক, সম্প্রসারণ কর্মী

ও সাধারণ অতিথিদের নানা ধরনের প্রশ্নের উত্তর ও পরামর্শ প্রদান করেন।



চিত্রঃ বিজ্ঞানীবৃন্দ আগ্রহী খামারী ,উদ্যোক্তাদের নানা ধরনের প্রশ্নের উত্তর ও পরামর্শ প্রদান করছেন।

প্রদর্শনীর প্রথম দিন মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব নারায়ণ চন্দ্র চন্দ, এমপি বিএলআরআই –এর স্টল পরিদর্শন করেন। এছাড়াও বিএলআরআই ও প্রাণিসম্পদ অধিদপ্তরের মাননীয় মহাপরিচালক মহোদয়গণ সহ অনেক গণ্যমান্য ব্যক্তিবর্গও স্টল পরিদর্শন করেন। কারিগরি অধিবেশনগুলোতে বিএলআরআই –এর বিজ্ঞানীগণ ৮ টি গবেষণা প্রবন্ধ উপস্থাপন করেন।



চিত্রঃ আগ্রহী খামারী, উদ্যোক্তা, শিক্ষাবিদ, গবেষক, সম্প্রসারণ কর্মী ও সাধারণ অতিথিরা বিএলআরআই এর স্টল পরিদর্শন করছেন ও নানা ধরনের প্রশ্নের উত্তর ও পরামর্শ গ্রহণ করছেন।